# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**19-04-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) তৃণমূল কংগ্রেসের মদতেই মহিলাদের সংরক্ষণ সংক্রান্ত বিলটি সংসদে পাশ হয়নি বলে বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। পশ্চিমবঙ্গে বাঁকুড়ার বড়জোড়ায় নির্বাচনী প্রচার সভায় তিনি বক্তব্য রাখেন।

এদিকে, প্রধানমন্ত্রীর মহিলা সংরক্ষণ বিল নিয়ে বক্তব্য দুর্ভাগ্যজনক বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন।

২) তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গের প্রথম দফার নির্বাচনী প্রচার অভিযান শেষ হতে আর দুদিন বাকি। রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান তুঙ্গে।

৩) উপরাষ্ট্রপতি সিপি রাধা কৃষ্ণান আজ শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিশানায়েকের সঙ্গে সাক্ষাৎ করেছেন। দু-দিনের সফরে তিনি আজ সকালে কলম্বোয় পৌঁছান।

৪) দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি জায়ে মিউং আজ ভারত সফরে আসছেন।

৫) আজ অক্ষয়তৃতীয়া। প্রধানমন্ত্রী এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৬) আইপিএল ক্রিকেটে আজ ইডেন গার্ডেনসে কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালসের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

বিজেপির বরিষ্ঠ নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ পশ্চিমবঙ্গের বাঁকুড়ার বড়জোড়ায় এক জনসভায় বক্তব্য রাখেন। তিনি বলেন, ২০২৯ সালে মহিলাদের সংরক্ষণ সংক্রান্ত বিলটি যাতে পাশ না হয়, তার জন্য তৃণমূল কংগ্রেস, কংগ্রেস ষড়যন্ত্র করেছিল। তিনি বলেন, দেশের মানুষ এর উপযুক্ত জবাব দেবে। তিনি বলেন, দেশের সার্বিক উন্নয়নে আরও বেশি সংখ্যক মহিলার রাজনীতিতে অংশগ্রহণ প্রয়োজন। নারী ক্ষমতায়ন এবং নিরাপত্তার বিষয়টিকে বিজেপি বাড়তি গুরুত্ব দেয়। তাঁর আরও অভিযোগ, তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস উভয় দলই আদিবাসী বিরোধী। রাষ্ট্রপতি নির্বাচনের সময়ে দ্রৌপদী মুর্মুর বিরুদ্ধে তারা প্রার্থী দাঁড় করিয়েছিল।

প্রধানমন্ত্রী বলেন, আজকের জনসভায় মানুষের বিপুল সমাগম প্রমাণ করে দিচ্ছে, রাজ্যের মানুষ এই সরকারের বিরুদ্ধে। তিনি তাঁর বক্তব্যে পশ্চিমবঙ্গ সরকারকে নির্মম সরকার হিসাবে অভিহিত করবেন।

এরপর তিনি পুরুলিয়ার জনসভায় ভাষণ দেন।

পরে ঝাড়গ্রাম এবং বিকেলে মেদিনীপুরে বিজেপি প্রার্থীদের সমর্থনে বক্তব্য রাখবেন।

কেন্দ্রীয় মন্ত্রী, বিজেপির জে পি নাড্ডা, রাজনাথ সিং এবং দলের সভাপতি নীতিন নবীনও রাজ্যের বিভিন্ন জায়গায় প্রচারে অংশ নেবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানর্জী আজ হুগলীর তারকেশ্বের, পূর্ব বর্ধমানের কালনা ও মন্তেশ্বর এবং বর্ধমান দক্ষিণে দলীয় প্রচারে যোগ দিচ্ছেন।

বাম ও কংগ্রেসের নেতা কর্মীরাও প্রথম দফা ভোটের আগে শেষ রবিবাসরীয় প্রচারে সামিল হয়েছেন। মিটিং মিছিলের পাশাপাশি তারা মূলত বাড়ি বাড়ি গিয়ে প্রচারের ওপর জোর দিচ্ছেন।

oooooooooooooooooooooo

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, এক্স হ্যান্ডেলে, গতকাল প্রধানমন্ত্রীর জাতির উদ্দেশে দেওয়ার ভাষণকে অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেছেন। তিনি বলেন, সততার সঙ্গে বিষয়টিকে তুলে ধরার পরিবর্তে দেশকে বিভ্রান্ত করেছেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস মহিলাদের উচ্চতর রাজনৈতিক প্রতিনিধিত্বের ক্ষেত্রে জোরালো সওয়াল করে এসেছে। সংসদ এবং বিধানসভায় উভয় ক্ষেত্রেই তার দলের নির্বাচিত মহিলা প্রতিনিধির অনুপাত সর্বাধিক বলে তিনি উল্লেখ করেন। বর্তমান লোকসভায় তৃমমূল কংগ্রেসের নির্বাচিত সদস্যদের ৩৭ দশমিক ৯ শতাংশ মহিলা রাজ্যসভাতেও ৪৬ শতাংশ মহিলাকে দল মনোনীত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গে ভোটার অন্তর্ভুক্তি করনের নতুন তালিকা প্রকাশ করেছে। মনোনয়ন পেশ করার শেষপর্যায় পর্যন্ত যে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছিল, তার চেয়ে আরও পাঁচ লক্ষ নতুন ভোটারের নাম এতে যুক্ত করা হয়েছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, ফর্ম সিক্স পূরণের মাধ্যমে সাত লক্ষ মানুষ নতুন করে ভোটার হওয়ার আবেদন করেছিলেন।এর মধ্যে যোগ্য ব্যাক্তিদের নাম ভোটার তালিকায় যুক্ত করা হয়।২৮ শে ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের সময় ১ লক্ষ ২৮ হাজার নতুন ভোটারের নাম  সংযুক্ত করা হয়েছিল। পরবর্তীকালে আরও পাঁচ লক্ষ নাম সংযুক্ত হয়েছে।

জেলা ভিত্তিক তালিকা অনুযায়ী. সবচেয়ে বেশি নাম যুক্ত হয়েছে উত্তর ২৪ পরগনা,হাওড়া, হুগলি, কলকাতা , পূর্ব মেদিনীপুরে। উত্তর ২৪ পরগনায় ৭১ হাজার নতুন ভোটারের নাম উঠেছে। কলকাতায় নতুন করে ভোটার হয়েছেন ৪৪ হাজার। কমিশনের দেওয়া তথ্যে দেখা যাচ্ছে, এবার রাজ্যে মহিলা ভোটারের সংখ্যা কমেছে। পশ্চিমবঙ্গে মোট ভোটারের সংখ্যা ৬ কোটি ৮২ লক্ষ। তার মধ্যে তিন কোটি উনপঞ্চাশ

লক্ষ পুরুষ এবং তিন কোটি তেত্রিশ লক্ষ মহিলা ভোটার। কমিশন আরও জানিয়েছে, ট্রাইবুনাল যেমন যেমন নাম অনুমোদন করবে, তাদের নাম তালিকাভুক্ত হবে।

oooooooooooooooooooooo

আসন্ন নির্বাচনে স্বচ্ছতা বজায় রাখতে, কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে নির্বাচন কমিশন। বুথের নিরাপত্তায় চারপাশে তৈরি করা হচ্ছে "লক্ষ্মণরেখা"। সাদা চক দিয়ে বুথকে ঘিরে ১-শো মিটার এলাকা চিহ্নিত করা হবে। এই নির্দিষ্ট সীমার মধ্যে শুধুমাত্র ভোটারদেরই প্রবেশের অনুমতি থাকবে। একজন ভোটারের জন্য বহুস্তরীয় যাচাইয়েরও পরিকল্পনা রয়েছে। লক্ষ্মণগন্ডির বাইরে থাকবেন বিএলও ও একজন সরকারী আধিকারিক, যাঁরা প্রথমে নথি যাচাই করবেন। এরপর নির্দিষ্ট সীমানার ভিতরে আরও দুটি ধাপে ভোটারদের পরিচয়পত্র পরীক্ষা করা হবে।

ভোটের আগে নজরদারিতেও আরও বেশি করে প্রযুক্তির ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে কমিশন। মাইক্রো অবজার্ভারদের সঙ্গে থাকবে বডি ক্যামেরা। পাশাপাশি প্রতিটি মুহূর্তের গতিবিধি রেকর্ড করার জন্য কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের সদস্যদের সঙ্গেও এই ক্যামেরা রাখা হবে। এছাড়া সংশ্লিষ্ট বিধানসভা এলাকার সমস্ত সরকারী সিসিটিভি ক্যামেরার নিয়ন্ত্রণও নিজেদের হাতে নিচ্ছে কমিশন।

oooooooooooooooooooooo

ভোটমুখী তামিলনাড়ুতে প্রচারাভিযান শেষ হচ্ছে ২১ শে এপ্রিল। তার আগে বিভিন্ন দলের শীর্ষ নেতারা বিভিন্ন জনসভা ও রোডশো-এ অংশ নিচ্ছেন।

আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী, বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ, এনডিএ জোটের পক্ষে শিবগিরি, এরোড-এ আজ রোডশো করেন। AIADMK-র নেতৃত্বে NDA তামিলনাড়ুতে সরকার গড়বে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্য সফরকালে ক্ষমতাসীন ডিএমকে সরকারের প্রবল সমালোচনা করেছিলেন। তিনি কোয়েম্বাটুরের কোডিশিয়ায় এক

জনসভায় মহিলা সংরক্ষণ বিলকে সমর্থন না করার জন্য বিরোধীদের সমালোচনায় সরব হন। প্রধানমন্ত্রী বলেন, ডিএমকে-কংগ্রেস জোট, সাধারণ পরিবার থেকে আসা মহিলাদের সংসদ ও রাজ্য বিধানসভায় পাঠানোর বিরুদ্ধে।

এদিকে কংগ্রেস নেতা রাহুল গান্ধী আজ উত্তর তামিলনাড়ুর বিভিন্ন জেলায় জনসভায় ভাষণ দেবেন।

রাষ্ট্রীয় জনতা দলের নেতা তেজস্বী যাদব সেকুলার প্রোগ্রেসিভ অ্যালায়েন্সের পক্ষে। কোয়েম্বাটুর, তিরুপ্পুর এবং নীলগিরিতে বিভিন্ন সভায় উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooooo

অর্থপাচার মামলার তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতার একাধিক জায়গায় তল্লাশি চালাচ্ছে। কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাসের ফার্ন রোডের একধিক ফ্ল্যাটে এখনও ইডির তল্লাশি চলছে । শান্তনু সিনহা বিশ্বাস দীর্ঘদিন কালিঘাট থানার দায়িত্বে ছিলেন।

অন্যদিকে আজ ভোর থেকে জ্যোতীষ রায় রোডে সান এন্টারপ্রাইজের ম্যানেজিং ডিরেক্টর জয় কামদারের ফ্ল্যাটে ইডি এবং কেন্দ্রীয় বাহিনী তল্লাশি চালায়। আর্থিক তছরূপের অভিযোগে, কিছুক্ষন আগে জয় কামদারকে আটক করে, ইডি সিজিও কমপ্লেক্সে নিয়ে যায় । এর আগে ইডি তলব করলেও তিনি সিজিও কমপ্লেকসে হাজিরা দেয়নি বলে জানা গেছে ।

উল্লেখ্য , জয় কামদার পলাতক দুষ্কৃতী সোনা পাপ্পুর ঘনিষ্ঠ।

ooooooooooooooooooooooo

ভারতীয় মহাকাশ গবেষণা সংগঠন ইসরোর চেয়ারম্যান ভি নারায়ণন আবহাওয়া পর্যবেক্ষণ , বায়ু দূষণ পর্যবেক্ষণের জন্য জি -২০ স্যাটেলাইট ২০২৭ সালে উৎক্ষেপণ

করা হবে বলে আশা প্রকাশ করেছেন। তিনি বলেছেন, ভারত ই প্রথম দেশ যারা কোনো যারা সংঘর্ষ এড়িয়ে একটি রকেটের মাধ্যমে ১০০টি রও বেশি উপগ্রহ প্রতিস্থাপন করতে সক্ষম হয়েছে। তিনি গতকাল হায়দ্রাবাদের এঞ্জিনীয়ারিং স্টাফ কলেজে অফ ইন্ডিয়া তে DRDO, ইসরো এবং এরোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়ার বিজ্ঞানীদের উদ্দেশ্যে বক্তব্য রাখছিলেন।

(বাইট – ভি নারায়ণন)

তিনি বলেন, জি -২০ দেশগুলির জন্য ভারত জি -২০ উপগ্রহ উৎক্ষেপণে ভারত অগ্রণী ভূমিকা নিয়েছে। তিনি বলেন, ২০৪০ সালের মধ্যে ভারত চাঁদে মানুষ পাঠানোর লক্ষ্যে কাজ করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিশানায়েকের সঙ্গে সাক্ষাৎ করেছেন। দুই নেতার মধ্যে সংশ্লিষ্ট স্বার্থের ক্ষেত্রে একাধিক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়েছে। শ্রী রাধাকৃষ্ণাণ দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, ভারত প্রতিবেশী প্রথম নীতি অনুযায়ী দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করতে কাজ করে যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উপরাষ্ট্রপতি সিপি রাধা কৃষ্ণান দুদিনের শ্রীলঙ্কা সফরে আজ কলম্বো পৌঁছেছেন।এবারের সফরে তিনি শ্রীলংকার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিশা নায়েকের এবং প্রধানমন্ত্রী হারিনি অমরাসূর্যার সঙ্গে বৈঠক করবেন। এছাড়াও সে দেশের ভারতীয় বংশোদূত তামিল সম্প্রদায়ের সঙ্গেও শ্রীরাধাকৃষ্ণাণ মতবিনিময় করবেন। কলম্বোয় এক অনুষ্ঠানে তিনি ভারতের সাহায্যে তৈরি ৫০ হাজার গৃহ ভার্চুয়ালি উপভোক্তাদের হাতে তুলে দেবেন বলে জানা গিয়েছে। এবারের গুরুত্বপূর্ণ সফরে ভারত ও শ্রীলংকার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো শক্তিশালী হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে ।

oooooooooooooooooooooooo

দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি জায়ে মিউং আজ ভারত সফরে আসছেন। সঙ্গে আসছেন তাঁর স্ত্রী কিম হিয়া কিউং। এই প্রথমবার দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রপতি লি ভারত সফর করছেন। বিদেশমন্ত্রক জানিয়েছে, তাঁর সঙ্গে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কথাবার্তা হবে। এছাড়াও দু তরফের উচ্চ পদস্থ আধিকারিকরা জাহাজ তৈরি, বাণিজ্য, বিনিয়োগ, কৃত্রিম মেধা, সেমি কন্ডাক্টর, নতুন প্রযুক্তি, শিল্প ও সংস্কৃতি নিয়ে পারস্পরিক মত বিনিময় করবেন। এর পাশাপাশি আঞ্চলিক ও বৈশ্বিক পরিস্থিতি নিয়েও দুই দেশের মধ্যে উচ্চ পর্যায়ের আলোচনা হওয়ার কথা। দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করার লক্ষ্যে এই সফর বিশেষ গুরুত্বপূর্ণ বলে বিদেশমন্ত্রক জানিয়েছে।

ooooooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে প্রতিশ্রুতি ভঙ্গের অভিযোগ তুলে ইরান ফের হরমুজ প্রণালী বন্ধ করার কথা ঘোষণা করেছে। ইরানের যৌথ সামরিক কমান্ড এক বিবৃতিতে জানিয়েছে, মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের বিভিন্ন বন্দর এবং সেখান থেকে যাতায়াতকারী জাহাজগুলির ওপর অবরোধ চালিয়ে যাচ্ছে। এর প্রত্যুত্তরেই তাঁদের এই সিদ্ধান্ত।

তাঁরা আরও জানিয়েছে, আমেরিকা, ইরানের জাহাজের ওপর থেকে অবরোধ না তুললে হরমুজ প্রণালী খুলবে না।

অন্যদিকে, মার্কিন সেন্ট্রাল কমান্ড নিয়েছে, মার্কিন বাহিনী, ইরানের বন্দরগুলিতে নৌ অবরোধ চালাচ্ছে।

এদিকে, ব্রিটিশ সামরিক বাহিনী জানিয়েছে, ইরানের রেভোল্যুশনারি গার্ড, হরমুজ প্রণালী অতিক্রম করার সময় তাঁদের একটি ট্যাংকারকেম লক্ষ্য করে গুলি চালিয়েছে।

এদিকে, ভারতের পতাকাবাহী দুটি জাহাজকে লক্ষ্য করে গতকাল ইরানী সেনাদের এলোপাথাড়ি গুলি চালানোর ঘটনায় ভারত তীব্র প্রতিবাদে জানিয়েছে। নতুন দিল্লিতে ইরানের রাষ্ট্রদূতকে ডেকে এব্যাপারে তীব্র ক্ষোভ ব্যক্ত করা হয়েছে।

oooooooooooooooooooooo

কিউবার জনগণ ভয়ংকর মানবিক সংকটের মুখে পড়েছে বলে ব্রাজিল মেক্সিকো এবং স্পেন গভীর উদ্বেগ প্রকাশ করেছে। স্পেনের বিদেশ মন্ত্রকের ওয়েবসাইট থেকে প্রকাশিত এক বিবৃতিতে কিউবাকে বাঁচাতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানানো হয়েছে।

এই তিনটি দেশ  সংশ্লিষ্ট পক্ষগুলোকে এমন কোনো পদক্ষেপ না নেওয়ার আহবান জানিয়েছে যার ফলে সে দেশের জনগণের জীবন  যাত্রার মান আরও নেমে যেতে পারে।

বিবৃতিতে ব্রাজিল, স্পেন এবং মেক্সিকো আন্তর্জাতিক আইন মেনে চলার প্রয়োজনীয়তার ওপরও জোর দিয়েছে। রাষ্ট্রসংঘের সনদ মেনে প্রতিটি দেশের সার্বভৌমত্বের প্রতি মর্যাদা দেওয়া উচিত বলে এক বিবৃতিতে তারা জানিয়েছে।

oooooooooooooooooooooo

আজ অক্ষয় তৃতীয়া। এই শুভ দিনে সিদ্ধিদাতা গণেশ ও ধন-সম্পদের দেবী মা লক্ষ্মীর পুজো করে থাকেন ব্যবসার সঙ্গে যুক্ত মানুষজন।  দিনটি সমৃদ্ধি ,সৌভাগ্যের দিন, হিসেবে গন্য হয়।  এই দিনে বাংলা নববর্ষের মত হালখাতা অনুষ্ঠানের আয়োজন করা হয় বিভিন্ন দোকানে  ,ব্যবসা প্রতিষ্ঠানে। অক্ষয় তৃতীয়ার শুভদিনে  ব্যবসায়ীরা কালীঘাট মায়ের মন্দির, দক্ষিণেশ্বর ভবতারিনী মায়ের মন্দিরসহ বিভিন্ন দেবদেবীর মন্দিরে পুজো দিয়ে থাকেন। এদিন গঙ্গায় পূণ্য স্নান করেন অনেক ভক্ত। পঞ্জিকা  অনুসারে বৈশাখ মাসের শুক্লপক্ষের তৃতীয়া তে পালিত হয় অক্ষয় তৃতীয়া।

অক্ষয় তৃতীয়া উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে একবার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, উৎসবের মাধ্যমেই মানুষের সেবা সংহতি এবং ভালোবাসার প্রতিফলন ঘটে। তিনি দেশের প্রতিটি মানুষের সুখ সমৃদ্ধি এবং সুস্বাস্থ্যের কামনা করেছেন। প্রধানমন্ত্রী পরশুরাম জয়ন্তী উপলক্ষেও সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি বলেছেন ভগবান পরশুরাম অন্যায়ের বিরুদ্ধে মানুষকে সত্যের পথে নিয়ে যেতে মানুষকে সহায়তা দিক

প্রধানমন্ত্রী পরশুরাম জয়ন্তী উপলক্ষেও শুভেচ্ছা জানিয়েছেন। শ্রীমোদী বলেছেন ভগবান পরশুরাম নাগরিকদের অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে সত্যের পথে অবিচল থাকতে উৎসাহ জোগাবেন। তিনি আরও বলেন ভগবান পরশুরামের আশীর্বাদ যেন প্রতিটি জীবনকে সুখ, শান্তি এবং সমৃদ্ধিতে ভরিয়ে তোলে।

oooooooooooooooooooooo

উত্তরাখন্ডে আজ অক্ষয় তৃতীয়ার পুণ্য দিনে গঙ্গোত্রী-যমুনোত্রী মন্দিরের দরজা ভক্তদের জন্য খুলে দেওয়া হয়েছে। গঙ্গোত্রীর পোর্টালটি দুপুর ১২টা ১৫-য় ও যমুনোত্রীর পোর্টাল ১২ টা ৩২ মিনিটে খোলা হয়। দুটি তীর্থক্ষেত্রই ফুল দিয়ে সাজানো হয়েছে। চার ধাম যাত্রার কর্মসূচী সরকারিভাবে আজ থেকেই শুরু হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামী আজ গঙ্গোত্রীতে উপস্থিত থেকে ওই পোর্টালটির উদ্বোধন করবেন।

oooooooooooooooooooooo

আই পি এল ক্রিকেটে আজ ইডেনে কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু দুপুর সাড়ে তিনটেয়। পাঞ্জাবের মুলানপুরে সন্ধে সাড়ে সাতটায় অপর ম্যাচে পাঞ্জাব কিংস, লক্ষ্ণৌ সুপার জায়েন্স-এর মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo